

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

ময়মনসিংহ

www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১১.৩০৪.২৪-১৬৩

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর '৭-৯ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত কমিটি'র সুপারিশ, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত পর্যালোচনা এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পরিচালনা পর্ষদের ৪র্থ সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি'র 'সহকারী বিশেষজ্ঞ'-এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেড টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্র: নং	রোল নং	নাম	পিতা-মাতার নাম	স্থায়ী ঠিকানা
১.	১৩০০৭৭০	এ এইচ এম নূরে হাবিবা	পিতা- মো: আমিনুল ইসলাম মাতা- মোছা: মর্জিনা খাতুন	প্রযস্বে, মো: আমিনুল ইসলাম, গ্রাম- তাড়াশ, ডাকঘর- তাড়াশ (৬৭৮০) থানা/উপজেলা- তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ।
২.	১৩০০৪৩৩	সাবরিন আরা	পিতা- মো: সিরাজুল ইসলাম মাতা- গুলনাহার ইসলাম	প্রযস্বে, মো: সিরাজুল ইসলাম, গ্রাম- কানাইখালী, ডাকঘর- নাটোর সদর (৬৪০০) থানা/উপজেলা- নাটোর সদর, জেলা- নাটোর।

০২। শর্তসমূহ:

- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর তাদের কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে তাদের চাকরি স্থায়ী করার বিষয়ে নেপ পরিচালনা পর্ষদ পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক আদেশে নেপ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে জারি করা হবে;
- শিক্ষানবিশকালে তাদের চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নেপ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে তাদেরকে চাকরি হতে অপসারণ করতে পারবে;
- চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
- এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ এর ক্রমিক নং ১২ অনুযায়ী তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সংগে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সকল সনদ/কাগজপত্র মহাপরিচালক, নেপ বরাবর দাখিল করতে হবে।
- দাখিলকৃত সনদ/কাগজপত্র সঠিক পাওয়া না গেলে নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট প্রার্থীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

- (ঝ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়াদি জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি আইন, ২০২৪ ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী, প্রযোজ্য ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে; এবং
- (ঞ) বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী সকল স্থাবর অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীগণকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে।
- ০৩। নিয়োগকৃত কর্মকর্তাগণ আগামী ১৮/০৩/২০২৬ তারিখের মধ্যে মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ বরাবর যোগদান করবেন। উল্লিখিত তারিখে কেউ যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে গণ্য হবে এবং তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ০৪। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পরিচালনা পর্ষদের ৪র্থ সভার অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নেপ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে

(ফরিদ আহমদ)

মহাপরিচালক

ফোন : ০২৯৯৬৬৬৬৩০৫

ই-মেইল : dgnape@gmail.com

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১১.৩০৪.২৪-১৬৩

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩২

১৫ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও চেয়ারম্যান, নেপ পরিচালনা পর্ষদ।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। জনাব সদস্য (সকল), নেপ পরিচালনা পর্ষদ।
- ৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। উর্ধ্বতন বিশেষজ্ঞ (সকল), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৮। উপপরিচালক (প্রশাসন/মূল্যায়ন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৯। প্রোগ্রামার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জনাব।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ১২। অফিস কপি।

(ফরিদ আহমদ)

মহাপরিচালক